



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৮৮/উ:মা:পরী:/৭৯/৩০

তারিখ: ০৭/০৩/২০১৭

বিষয়: ২০১৭ সালের এইচএসসি/ডিআইবিএস পরীক্ষার প্রবেশপত্র বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০১৭ সালের এইচএসসি/ডিআইবিএস পরীক্ষার প্রবেশপত্র আগামী ২১/০৩/২০১৭ তারিখ উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখা হতে বিতরণ করা হবে। অধ্যক্ষ নিজে অথবা তাঁর প্রাধিকার প্রাপ্ত কোন শিক্ষককে (স্বাক্ষর সত্যায়িতসহ) শিক্ষা প্রতিষ্ঠানের সকল প্রবেশপত্র অফিস সময়ে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। কোন অবস্থাতেই শিক্ষক ব্যতীত অন্য কাউকে প্রবেশপত্র নেয়ার জন্য ক্ষমতা প্রদান করা যাবে না। ভারপ্রাপ্ত অধ্যক্ষের ক্ষেত্রে, আবেদন পত্রে গভর্নিং বডির সভাপতি/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিস্বাক্ষর থাকতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রবেশপত্র যাচাইপূর্বক কোন প্রকার ত্রুটি/কম/বেশি হলে ২৭/০৩/২০১৭ তারিখের মধ্যে উপ পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) এর নিকট নিম্নের ছক অনুযায়ী আবেদন পত্র জমা দিয়ে সংশোধন করিয়ে নিতে হবে। অন্যথায় পরীক্ষায় কোন প্রকার জটিলতার সৃষ্টি হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণই দায়ী থাকবেন।

ক্রমিক নম্বর	পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম	রোল নম্বর	রেজি: নম্বর	ভুলের বিবরণ	যা হবে

07.03.17

তপন কুমার সরকার
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৬৯৮১৫, মোবাইল : ০১৭৫৫-৫০৯১১৩

অধ্যক্ষ

ঢাকা বোর্ডের আওতাধীন সকল কলেজ।